

১২টি দাবিতে হিবিগঞ্জ শেখ হাসিনা মেডিক্যাল কলেজের শিক্ষার্থীরা অধ্যক্ষ বরাবরে স্মারকলিপি দিয়েছেন। গতকাল সকালে অধ্যক্ষ ডা. সুনির্মল রায়ের কাছে এ স্মারকলিপি দেওয়া হয়। দাবিগুলোর মধ্যে রয়েছে- স্থায়ী ক্যাম্পাস নির্মাণে ভূমি অধিগ্রহণসহ যাবতীয় কাজ অতিন্দ্রিক বাস্তবায়ন, অস্থায়ী হোস্টেলে প্রতিটি শিক্ষার্থীদের আবাসন নিশ্চিতকরণ, অস্থায়ী ক্যাম্পাসে পর্যাপ্ত ক্লাসরুম ও অন্যান্য সরঞ্জামের ব্যবস্থা করা, শিক্ষক সংকট নিরসন, অবিলম্বে রেজিস্ট্রেশন, তৃতীয় ও চতুর্থ শ্রেণির কর্মচারীর নিয়োগ প্রদান, প্রতিটি ফেজের সব বিভাগ পূর্ণসংগ্রহে চালু করা, বিষয়ভিত্তিক পূর্ণাঙ্গ ল্যাব সুবিধাসহ প্রদান ও টেকনেশিয়ান নিয়োগ, অস্থায়ী ক্যাম্পাসে ক্যাফেটেরিয়া চালু, বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন, ক্রীড়া কমিটির কাছে খেলাধুলাসামগ্রী প্রদান ও লাইব্রেরিতে বই ও আসন এবং অধ্যয়নের জন্য পর্যাপ্ত সময় প্রদান ইত্যাদি।

advertisement 3

এর আগে মেডিক্যাল কলেজের অস্থায়ী ক্যাম্পাসের সামনে শিক্ষার্থীরা মানববন্ধনের আয়োজন করেন।

advertisement 4

এতে বক্তব্য দেন শিক্ষার্থী মুশাহিদ চৌধুরী, আবদুর রাতিম, ফারজানা আকতার মুনমুন, হৃদয় দে প্রমুখ। বক্তৃরা কলেজ ও অস্থায়ী আবাসনের বিভিন্ন সমস্যা তুলে ধরেন।

শিক্ষার্থীরা জানান, শুরু থেকেই ক্লাসরুম সংকটসহ নানা সমস্যায় সম্মুখীন হচ্ছেন শিক্ষক ও শিক্ষার্থীরা। ব্যাচ বাড়ার সঙ্গে এসব সমস্যা দিন দিন প্রকট হচ্ছে।

২০১৭-১৮ শিক্ষাবর্ষ থেকে হিবিগঞ্জ সদর আধুনিক হাস্পাতালের ভবনের দ্বিতীয় তলায় অস্থায়ী ক্যাম্পাস হিসেবে হিবিগঞ্জ শেখ হাসিনা মেডিক্যাল কলেজ চালু হয়। বর্তমানে ৫টি ব্যাচে আড়াই শতাধিক শিক্ষার্থী লেখাপড়া করছেন।

1
Shares